

১৩/৭/১৯
২৪.৭.১৯

যুগান্তর

বুধবার ২৪ জুলাই ২০১৯
৯ শ্রাবণ ১৪২৬

✓ বারি-তে জাতীয় পাবলিক সার্ভিস দিবস পালিত

গাজীপুর প্রতিনিধি

বাংলাদেশ কৃষি গবেষণা ইন্সটিটিউটে (বারি) মঙ্গলবার জাতীয় পাবলিক সার্ভিস দিবস পালিত হয়েছে। এ উপলক্ষে মঙ্গলবার ইন্সটিটিউটের সেমিনার কক্ষে এক আলোচনা সভার আয়োজন করা হয়। বারি'র (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. বাবু লাল নাগের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন বারি'র ভারপ্রাপ্ত মহাপরিচালক জেবুন নেছা। বিশেষ অতিথি ছিলেন পরিচালক (গবেষণা) ড. মো. আবদুল ওহাব, পরিচালক (উদ্যানভিত্তিক গবেষণা কেন্দ্র) ড. আবেদা খাতুন, গাজীপুর সিটি কাউন্সিলর জাবেদ আলী জবে, খন্দকার নূরুন্নাহার।



বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটে গতকাল জাতীয় পাবলিক সার্ভিস দিবসের আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখছেন বারির ভারপ্রাপ্ত মহাপরিচালক জেবুন নেছা। বিজ্ঞপ্তি।

বারিতে জাতীয় পাবলিক সার্ভিস দিবস উদযাপিত

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটে (বারি) গতকাল মঙ্গলবার জাতীয় পাবলিক সার্ভিস দিবস উদযাপিত হয়েছে। দিবসটি উদযাপনের অংশ হিসেবে সকালে ইনস্টিটিউটের সেমিনার কক্ষে এক আলোচনা সভার আয়োজন করা হয়। ইনস্টিটিউটের পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. বাবুল আল নাগের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন বারির ভারপ্রাপ্ত মহাপরিচালক জেবুন নেছা। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন পরিচালক (গবেষণা) ড. মো. আব্দুল ওহাব, পরিচালক (উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র) ড. আবেদা খাতুন, গাজীপুর সিটি করপোরেশনের ২৭নং ওয়ার্ড কাউন্সিলর জাবেদ আলী জবে, সংরক্ষিত মহিলা কাউন্সিলর খন্দকার নুরুন্নাহার। এ ছাড়া অনুষ্ঠানে ইনস্টিটিউটের বিভিন্ন বিভাগ, কেন্দ্র ও শাখার প্রধানরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে মাল্টিমিডিয়া প্রদর্শনের মাধ্যমে ইনস্টিটিউটের বিভিন্ন কার্যক্রম, অগ্রগতি ও সাফল্য তুলে ধরেন প্রশিক্ষণ ও যোগাযোগ উইংয়ের উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. আবদুর রাজ্জাক।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে বারির ভারপ্রাপ্ত মহাপরিচালক জেবুন নেছা বলেন, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট তার সমস্ত গবেষণা কার্যক্রম এ দেশের সাধারণ কৃষকের উন্নয়নের জন্য পরিচালনা করছে। আজকের এই অনুষ্ঠানের মাধ্যমে আমরা আমাদের গবেষণা কার্যক্রমের বিভিন্ন দিক সাধারণ মানুষের কাছে তুলে ধরতে চাই। বিজ্ঞপ্তি।

